২৩ এপ্রিল ২০১৯

প্রেস বিজ্ঞপ্তি

# রানা প্লাজা ধ্বসের ছয় বছর পূর্তিতে সহস্রাধিক নিহত ও আহত শ্রমিক ও তাদের পরিবারের পক্ষে পরিচালিত জনস্বার্থ মামলাসহ সকল মামলার দ্রুত নিষ্পত্তি এবং যথাযথ ক্ষতিপূরণ নিশ্চিতকরণ ও ক্ষতিপূরণের নূন্যতম মানদন্ড নির্ধারনের দাবী

২৪ এপ্রিল ২০১৯ রানা প্লাজা ধ্বসের ছয় বছর পূর্তিতে ব্লাস্ট দায়ী ব্যক্তিদের দ্রুত বিচার দাবী করছে। একইসাথে আন্তর্জাতিক মানদন্ড ও উচ্চ আদালতের নজির অনুযায়ী ক্ষতিপূরণ সংক্রান্ত যুগোপযোগী বিধান অর্ন্তভুক্ত করে শ্রম আইন সংশোধন, নিরাপদ কর্মক্ষেত্র নিশ্চিতকরন এবং ক্ষতিগ্রস্থ শ্রমিক ও তাদের পরিবারকে যথাযথ ক্ষতিপূরণ দ্রুত প্রদান এবং পুনর্বাসনের দাবী জানাচ্ছে।

**বিচার প্রক্রিয়ার শেষ অবস্থা:**

২০১৩ সালের রানা প্লাজা ধ্বসের এ ভয়াবহ হত্যাকান্ডের জন্য দায়ী ব্যক্তিদের বিরুদ্ধে মোট ১৪টি ফৌজদারী মামলা, ০১টি দেওয়ানী মামলা ও মহামান্য হাইকোর্টে ০৪টি রীট মামলার উদ্ভব হয়। মহামান্য হাইকোর্টে বিচারাধীন রীট আবেদন ব্যতীত অন্য সকল মামলায় ব্লাস্ট হতে আইন সহায়তা প্রদান করা না হলেও মামলাসমূহের নিয়মিত খোঁজ-খবর রাখা হচ্ছে। সম্প্রতি মামলাসমূহের খোঁজ নিয়ে নিম্নরূপ তথ্য পাওয়া গেছে-

**১৪টি ফৌজদারী মামলা:**

- **ঢাকার প্রথম শ্রম আদালতে ১১টি ফৌজদারী মামলা:** দুর্ঘটনার নোটিশ প্রদানে ব্যর্থতা ও বিপদজনক পরিণতি সংক্রান্ত আইন লংঘনের জন্য দায়ী ব্যক্তিদের বিরুদ্ধে কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর হতে ঢাকার প্রথম শ্রম আদালতে ১১টি ফৌজদারী মামলা দায়ের করা হয়, যার মধ্যে ০৪টি মামলায় অভিযোগ শুনানীর সময়ে আসামীদেরকে অব্যাহতির আদেশ প্রদান করা হয়েছে এবং অবশিষ্ট ০৭টি মামলায় গ্রেফ্তারী পরোয়ানা তামিল সংক্রান্ত প্রতিবেদন দাখিলের জন্য বিচারাধীন আছে।

- **ঢাকার অতিরিক্ত মুখ্য বিচারিক হাকিম আদালতে ১ টি এবং ঢাকার দায়রা জজ আদালতে ২ টি মোট ৩টি ফৌজদারী মামলা:** The Building Construction Act, 1952- এর বিধান অমান্য ও অবহেলাজনিত মৃত্যুর কারনে ভবনের মালিক, সংশ্লিষ্ট প্রকৌশলী ও ঘটনার সাথে জড়িতদের বিরুদ্ধে ১) রাজউক কর্মকর্তা কর্তৃক ০১টি, ২) সাভার মডেল থানার কর্মকর্তা কর্তৃক ০১টি এবং ৩) রানা প্লাজা ধ্বসে নিহত একজন শ্রমিকের স্ত্রী কর্তৃক অপর ফৌজদারী মামলাটি দায়ের করা হয়। বর্তমানে The Building Construction Act, 1952- এর অধীনে দায়েরকৃত প্রথম মামলাটি ঢাকার অতিরিক্ত মুখ্য বিচারিক হাকিম আদালতে এবং অপর ০২টি মামলা একত্রে ঢাকার দায়রা জজ আদালতে বিচারাধীন আছে।

**ক্ষতিপুরণ আদায়:**

- **ক্ষতিপুরণ আদায়ের জন্য ঢাকার দ্বিতীয় যুগ্ম জেলা জজ আদালতে অর্থ মোকদ্দমা:**
  নিহত অপর আরেকজন শ্রমিকের নির্ভরশীলগণ ক্ষতিপুরণ আদায়ের জন্য ঢাকার দ্বিতীয় যুগ্ম জেলা জজ আদালতে একটি অর্থ মোকদ্দমা দায়ের করেন, যা বিগত ২৫ অক্টোবর ২০১৮ ইং তারিখে একতরফা শুনানীর স্তরে বাদীপক্ষের অনুপস্থিতিতে খারিজ হয়েছে।

- **মহামান্য হাইকোর্ট বিভাগের ০৪টি রীট** আবেদন:
  মহামান্য হাইকোর্ট বিভাগে বিচারাধীন ৪টি রীট আবেদন একত্রে শুনানীর জন্য উদ্যোগ নেয়া হয়েছে। ইতোমধ্যে একজন প্রতিপক্ষ সার্ভিস চার্জ পরিশোধের জন্য সাউথ ইস্ট ব্যাংককে যথাযথ নির্দেশনা প্রদানের প্রার্থনায় মহামান্য হাইকোর্ট বিভাগে একটি দরখাস্ত করে। উক্ত দরখাস্তের বিরুদ্ধে ব্লাস্ট হতে লিখিত জবাব দাখিল করা হয়। পরবর্তীতে দরখাস্তটি শুনানী অন্তে মহামান্য আদালত না-মঞ্জুর করেন। বর্তমানে রীট আবেদন সমূহ শুনানীর স্তরে বিচারাধীন আছে।

ঘটনার দীর্ঘ ৬ বছর অতিবাহিত হলেও আমরা গভীর উদ্বেগের সাথে লক্ষ্য করছি যে, **অদ্যাবধি কোন মামলা নিষ্পত্তি হয়নি, এমনকি ক্ষতিগ্রস্থ শ্রমিক কিংবা তার পরিবারকে কোন ক্ষতিপূরণ দেয়া হয়নি, যদিও ক্ষতিগ্রস্থ শ্রমিকগণ এবং তাদের পরিবার রানা প্লাজা ট্রাস্ট ফান্ড হতে আর্থিক সহায়তা পেয়েছে**। কিন্তু ঘটনার জন্য দায়ী ব্যক্তিগণকে অদ্যাবধি বিচারের আওতায় এনে ক্ষতিপূরন প্রদানে বাধ্য করা কিংবা শাস্তিও নিশ্চিত করা যায়নি।

বাংলাদেশ শ্রম আইন অনুযায়ী নিহত শ্রমিকদের জন্য নূন্যতম ০২ লক্ষ টাকা এবং আহত শ্রমিকদের জন্য ০২ লক্ষ ৫০ হাজার টাকা ক্ষতিপূরণ ধার্য আছে, যা আদৌ সময়োপযোগী, যথোপযুক্ত কিংবা আন্তর্জাতিক মানদন্ডের সাথে সামঞ্জস্যপূর্ণ নয়। দুর্ঘটনার শিকার কোন আহত বা নিহত শ্রমিকের ক্ষতিপূরণের পরিমান নির্ধারণের সময়ে অবশ্যই তার ভবিষ্যত মজুরী, চাকুরী শেষে প্রাপ্য গ্রাচ্যুইটি, অনুমিত চিকিৎসা খরচ, পরিবারের পোষ্যদের অনুমিত খরচ, দুর্ঘটনার পরবর্তী শ্রমিকের মানসিক চাপ এবং সর্বোপরি আন্তর্জাতিক মানদন্ড ও উচ্চ আদালতে নজিরের প্রতি গুরুত্ব আরোপ এবং এগুলো আমলে নেবার জন্য আমরা জোর দাবী জানাচ্ছি।

এখানে সড়ক দুর্ঘটনায় নিহত সাংবাদিক মোজাম্মেল হোসেনের মোকদ্দমা, তারেক মাসুদের মোকদ্দমা এবং এমভি নাসরিণ লঞ্চ ডুবির মোকদ্দমা ৩টি বিশেষভাবে উল্লখযোগ্য। প্রথম মোকদ্দমায় মহামান্য আপীল বিভাগ ক্ষতিপূরণ বাবদ মোট ১৭,১৪৭,০০৮ টাকা তার উত্তরাধিকারীগণের বরাবরে পরিশোধের জন্য বাংলাদেশ বেভারেজকে নির্দেশ প্রদান করেন। এছাড়া এমভি নাসরিণ লঞ্চ দুর্ঘটনার মোকদ্দমায় বিচারিক আদালত ক্ষতিপূরণ বাবদ মোট ১৭১,১০০,০০০ টাকা ক্ষতিগ্রস্থ যাত্রী/পরিবারকে প্রদানের জন্য লঞ্চ কর্তৃপক্ষকে নির্দেশ প্রদান করেন, যা পরবর্তীতে মহামান্য হাইকোর্ট বিভাগ কর্তৃক বহাল রয়েছে। এ সকল মোকদ্দমায় loss of earning, gratuity, pain and suffering, বিষয়গুলো বিবেচনায় নেয়া হয়েছে।

সম্প্রতি চকবাজার এলাকার চুড়িহাট্টায় এবং বনানী এফ আর টাওয়ারের ভয়াবহ অগ্নিকান্ডের ঘটনায় নিহত ও আহত শ্রমিকের যথাযথ ক্ষতিপূরণ ও পুনর্বাসনের জন্য দাবী জানানো হয়েছে । সেইসাথে কর্মক্ষেত্র দুর্ঘটনায় আহত ও নিহত শ্রমিকের যথাযথ ক্ষতিপূরণের মানদন্ড নির্ণয়ের ক্ষেত্রে বিষয়গুলি বিবেচনায় নেয়াসহ প্রস্তাবিত Employment Injury Insurance Scheme চালু করার জন্য ব্লাস্টের পক্ষ হতে জোর দাবী জানানো হচ্ছে।

**ব্লাস্টের পক্ষ হতে বিভিন্ন কর্মসূচী:**
রানা প্লাজা ধ্বসের ছয় বছর পূর্তিতে ব্লাস্ট সকল শ্রমিক ও উদ্ধারকর্মীকে শ্রদ্ধাভরে স্মরণ করছে এবং দিনটি উদ্‌যাপনে ব্লাস্টের পক্ষ হতে বিভিন্ন কর্মসূচী গ্রহন করা হয়েছে-

**২৩ এপ্রিল ২০১৯**

- **সংবাদ সম্মেলন:** আগামী ২৩ এপ্রিল সকাল ১১ টায় শ্রমিক নিরাপত্তা ফোরামের আয়োজনে ঢাকা রিপোর্টার্স ইউনিটিতে রানা প্লাজা ভবন ধ্বসের ৬ বছর স্মরণ উপলক্ষে নিরাপত্তা ইস্যুতে সংবাদ সম্মেলন অনুষ্ঠিত হয়

**২৪ এপ্রিল ২০১৯**

**শ্রদ্ধার্ঘ্য অর্পন ও নাগরিক শ্রদ্ধাজ্ঞাপন কর্মসূচি**

- সকল নিহত ও আহত শ্রমিক এবং অন্যান্য ক্ষতিগ্রস্ত ব্যক্তি বিশেষ করে উদ্ধারকর্মীদের প্রতি শ্রদ্ধা ও সহমর্মিতা জানাতে শ্রমিক নিরাপত্তা ফোরাম এর আয়োজনে **সকাল ৮:৩০ মিনিটে জুরাইন কবরস্থানে শ্রদ্ধা জ্ঞাপন, ১ মিনিট নীরবতা পালন ও পুষ্পস্তবক অর্পণ করা হবে**।

- **সকাল ৯:০০ টায় সাভার রানা প্লাজার সম্মুখে নাগরিক শ্রদ্ধাজ্ঞাপনে** অংশগ্রহণ।

- ব্লাস্টের উদ্যোগে **দেশের বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানে বিশেষ করে বিদ্যালয়গুলোতে সকালের এসেম্বলীতে ১ মিনিট নীরবতা পালন**।

- জেলা পর্যায়ে ব্লাস্টের বিভিন্ন ইউনিটসমুহের আয়োজনে নিহত ও আহত শ্রমিকদের প্রতি শ্রদ্ধা ও সহমর্মিতা জানাতে **জেলাসমুহের জেলা জজ আদালত ভবন, শ্রম আদালত ভবন, শহীদ মিনার ও ইউনিট অফিসের সম্মুখে মোমবাতি প্রজ্জলনসহ প্রতীকী অবস্থান কর্মসূচী, মানব বন্ধন কর্মসূচিসহ বিভিন্ন** কার্যক্রমের আয়োজন করা হবে।

**২৬ এপ্রিল ২০১৯**

- **লিগ্যাল এইড ক্যাম্প:** গার্মেন্টস শ্রমিক ও সাধারণ মানুষের মধ্যে সচেতনতা সৃষ্টি ও আইন সহায়তা দানের উদ্দেশ্যে সজাগ কোয়ালিশনের পক্ষে আশুলিয়ায় সারা দিনব্যাপী লিগ্যাল এইড ক্যাম্পে আয়োজন করা হবে, যেখানে ব্লাস্টের প্রতিনিধি, স্টাফ আইনজীবী ও প্যানেল আইনজীবীর মাধ্যমে বিনামুল্যে আইনগত পরামর্শ প্রদান, আবেদন গ্রহণ এবং সালিশ ও সচেতনতামূলক কার্যক্রম পরিচালনা করা হবে।

**বার্তা প্রেরক**

আসমা উল হোসনা, কমিউনিকেশনস স্পেশালিস্ট, ব্লাস্ট
ফোন: ০১৭১২১৪৬৯৪২
E-mail: asma@blast.org.bd

**আরো তথ্যের জন্য যোগাযোগ করুন**

মোঃ বরকত আলী
উপ পরিচালক আইন, ব্লাস্ট
ফোন: ০১৭১২৮৫৪৩০৮
E-mail: borkot@blast.org.bd

মাহবুবা আক্তার
উপ-পরিচালক (এডভোকেসী ও কমিউনিকেশনস), ব্লাস্ট
ফোন: ০১৭৭৬০৬০১১৩
E-mail: mahbuba@blast.org.bd